

Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 26 April, 2025

রাজ্যের কোথাও কোনো পাকিস্তানি নাগরিক বসবাস করছেন কি না— খতিয়ে দেখতে ভারতের সব রাজ্যের মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কোনো রাজ্যে কোনো পাকিস্তানির সন্ধান পাওয়ামাত্র তাকে পত্রপাঠ দেশে ফেরত পাঠানোর নির্দেশও দিয়েছেন তিনি।

চিঠিতে বলা হয়েছে, “রাজ্যে থাকা পাকিস্তানিদের শনাক্ত করুন এবং দ্রুত তাদের দেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করুন।”

ভারতে রাজ্যের সংখ্যা ২৮টি। স্বরাষ্ট্র মন্ত্রণালয়সূত্রে জানা গেছে, শুক্রবার দিল্লিতে সব রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন অমিত। তার পর শুক্রবার দিলেন এই চিঠি। শুক্রবারের বৈঠকে কী কী আলোচনা হয়েছে, সে সম্পর্কে সংবাদমাধ্যমকে কোনো তথ্য দেয়নি কেন্দ্রীয় সরকার।

গত ২২ এপ্রিল ভারতের জম্মু ও কাশ্মিরের পেহেলগাম জেলার বৈসরণ উপত্যকায় ভয়াবহ এক জঙ্গি হামলায় ২৬ জন পর্যটক নিহত হন। নিহতদের সবাই পুরুষ এবং একজন নেপালি ব্যতীত বাকি ২৫ জনের সবাই ভারতের নাগরিক। দ্য রেজিস্ট্র্যান্স ফ্রন্ট (টিআরিএফ) নামের একটি সন্ত্রাসী গোষ্ঠী হামলার দায় স্বীকার করে বিবৃতিও দিয়েছে। ভারতের নিরাপত্তা কর্মকর্তা ও বিশ্লেষকরা জানিয়েছেন, এই টিআরিএফ কাশ্মিরের বৃহত্তম সশস্ত্র বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী লঙ্কর ই তৈয়বার একটি উপশাখা।

ঘটনাচক্রে পেহেলগামে হামলার কয়েক দিন আগে ইসলামাবাদে এক অনুষ্ঠানে কাশ্মিরকে পাকিস্তানের ‘গলার ধমনী’ বলে উল্লেখ করে দেশটির সেনাপ্রধান জেনারেল আসিম মুনির বলেছিলেন, পুরো জম্মু ও কাশ্মির অবশ্যই একদিন পাকিস্তানের অন্তর্ভুক্ত হবে।

মঙ্গলবার পেহেলগামে হামলার পর এ ঘটনার জন্য পাকিস্তানকে সরাসরি দায়ী করেছে ভারত। পরের দিন বুধবারই পাকিস্তানি নাগরিকদের ভারতের ভিসা প্রদান অনির্দিষ্টকালের জন্য স্থগিতের ঘোষণা দেয় নয়াদিল্লি। সেই সঙ্গে যেসব পাকিস্তানি বর্তমানে ভারতে অবস্থান করছেন, তাদেরকে নিজ দেশে ফেরত যাওয়ার জন্য ৩০ এপ্রিল পর্যন্ত সময় বেঁধে দেয় সরকার।

বুধবারের সেই ঘোষণার পর শুক্রবার মুখ্যমন্ত্রীদের চিঠি দিলেন অমিত শাহ।

সূত্র : এনডিটিভি অনলাইন

রাজ্যে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ভারত

Generated on 19 June, 2025 02:21

URL: <https://timestodaybd.com/international/1460775807>